রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ / ১৮ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.১৮.০০১.২৪—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন ‘‘ট্যানারী” শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিক ও কর্মচারীদের জন্য নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তফসিল-ক ও তফসিল-খ তে বর্ণিত মজুরীর হারকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, যথাক্রমে উক্ত শ্রমিক ও কর্মচারীর জন্য নিম্নতম মজুরী হার হিসাবে ঘোষণা করিল, যথা:—

## তফসিল “ক”

## শ্রমিকগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার

| শ্রমিক শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সাভার এলাকায় মূল মজুরির ৭০% এবং অন্যান্য এলাকায় মূল মজুরির ৬০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| <u>গ্রেড-১ :</u><br>১। সিলেক্টর বা স্কীন সিলেক্টর/ হ্যান্ড মেজারার<br>২। মিস্ত্রি (বৈদ্যুতিক ও মেশিন মেরামত)<br>৩। হ্যান্ড ফ্লেশারম্যান (গরুর চামড়া)<br>৪। শেভার (১২″-১৮″) মেকানিক্যাল<br>৫। লেদম্যান<br>৬। ইলেকট্রিশিয়ান<br>৭। ফিটার মিস্ত্রী<br>৮। বয়লার অপারেটর<br>৯। মেশিন ফ্লেশারম্যান<br>১০। ইসপ্লিটিং মেশিনম্যান<br>১১। শেভিং মেশিনম্যান<br>১২। ড্রাই শেভিং মেশিনম্যান<br>১৩। বাফিং মেশিনম্যান (বড়) | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৯০৪০/- | ১৩৩২৮/- | ১১০০/- | ৭০০/- | ৩৪১৬৮/- |
| | অন্যান্য এলাকা | ১৯০৪০/- | ১১৪২৪/- | ১১০০/- | ৭০০/- | ৩২২৬৪/- |
| <u>গ্রেড-২ :</u><br>১। হ্যান্ড ফ্লেশারম্যান (ছাগল/মহিষের চামড়া)<br>২। কাঠমিস্ত্রী<br>৩। জেনারেটর অপারেটর<br>৪। ওয়েল্ডার<br>৫। হাইড্রোলিক প্রেসারম্যান<br>৬। ড্রামম্যান<br>৭। গ্লেজিং মেশিনম্যান<br>৮। সেটিং মেশিনম্যান<br>৯। ভ্যাকুয়াম ড্রায়ার<br>১০। হ্যান্ড স্প্রে | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৫৬৪০/- | ১০৯৪৮/- | ১১০০/- | ৭০০/- | ২৮৩৮৮/- |
| | অন্যান্য এলাকা | ১৫৬৪০/- | ৯৩৮৪/- | ১১০০/- | ৭০০/- | ২৬৮২৪/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৩ :</u><br>১। রোলার মেশিনম্যান<br>২। সেটারম্যান (হ্যান্ড)<br>৩। সোল পিটম্যান<br>৪। স্কাটিংম্যান<br>৫। সেমিং মেশিনম্যান (রোটারী)<br>৬। পলিশিং মেশিনম্যান<br>৭। ঠোকাইম্যান/টগলম্যান<br>৮। পলিশম্যান<br>৯। ড্রেসিংম্যান<br>১০। মেজারিং মেশিনম্যান (মেকানিক্যাল)<br>১১। বাফিং মেশিনম্যান (ছোট)<br>১২। স্ট্যাকারম্যান (জ-স্ট্যাকার)<br>১৩। ট্রিমিংম্যান/ছাটাকাটা<br>১৪। আইরনিং মেশিনম্যান<br>১৫। আনহেয়োরারম্যান<br>১৬। রোলার কোটারম্যান<br>১৭। ফিনিপ্লেক্স মেশিনম্যান<br>১৮। সহকারী ইসপ্লিটিং মেশিনম্যান<br>১৯। জুনিয়র শেভিং মেশিনম্যান<br>২০। লিফটম্যান<br>২১। জুনিয়র সিলেক্টর<br>২২। জুনিয়র বয়লারম্যান<br>২৩। জুনিয়র ফ্লেশিং মেশিনম্যান<br>২৪। রোটারী স্ট্যাকিং<br>২৫। টানেল ড্রায়ার<br>২৬। অটো স্প্রে<br>২৭। জুনিয়র বাফিং মেশিনম্যান<br>২৮। প্যাডেলম্যান | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৩০৬০/- | ৯১৪২/- | ১১০০/- | ৭০০/- | ২৪০০২/- |
| | অন্যান্য এলাকা | ১৩০৬০/- | ৭৮৩৬/- | ১১০০/- | ৭০০/- | ২২৬৯৬/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| **<u>গ্রেড-৪ :</u>**<br>১। বাইব্রেটিং স্ট্যাকিংম্যান<br>২। থ্রোফিড আইরনিং<br>৩। মেজারিং মেশিনম্যান (অটো)<br>৪। থ্রোফিড সেমিং মেশিনম্যান<br>৫। জুনিয়র সেটিং মেশিনম্যান<br>৬। প্যাকিংম্যান<br>৭। জুনিয়র হাইড্রোলিক মেশিনম্যান<br>৮। রটো প্রেসম্যান | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১১২৯০/- | ৭৯০৩/- | ১১০০/- | ৭০০/- | ২০৯৯৩/- |
| | অন্যান্য এলাকা | ১১২৯০/- | ৬৭৭৪/- | ১১০০/- | ৭০০/- | ১৯৮৬৪/- |
| **<u>গ্রেড-৫ :</u>**<br>১। উপরে উল্লিখিত শ্রমিক ছাড়া অদক্ষ সাধারণ/অন্যান্য শ্রমিক। | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ৯৫৩০/- | ৬৬৭১/- | ১১০০/- | ৭০০/- | ১৮০০১/- |
| | অন্যান্য এলাকা | ৯৫৩০/- | ৫৭১৮/- | ১১০০/- | ৭০০/- | ১৭০৪৮/- |
| **শিক্ষানবিশ শ্রমিক :** | (ক) শিক্ষানবিশিকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ১১৩৩০/- (এগারো হাজার তিনশত ত্রিশ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তফসিল "খ"**

**কর্মচারীগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সাভার এলাকায় মূল মজুরির ৭০% এবং অন্যান্য এলাকায় মূল মজুরির ৬০%) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| গ্রেড-১:<br>১। হিসাবরক্ষক | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৯০৪০/- | ১৩৩২৮/- | ১১০০/- | ৭০০/- | ৩৪১৬৮/- |
| | অন্যান্য এলাকা | ১৯০৪০/- | ১১৪২৪/- | ১১০০/- | ৭০০/- | ৩২২৬৪/- |
| গ্রেড-২:<br>১। সহকারী হিসাবরক্ষক/ হিসাব সহকারী<br>২। উচ্চমান সহকারী | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১৫৬৪০/- | ১০৯৪৮/- | ১১০০/- | ৭০০/- | ২৮৩৮৮/- |
| | অন্যান্য এলাকা | ১৫৬৪০/- | ৯৩৮৪/- | ১১০০/- | ৭০০/- | ২৬৮২৪/- |
| গ্রেড-৩ :<br>১। স্টোর কিপার<br>২। টাইপিস্ট<br>৩। টেলিফোন অপারেটর<br>৪। ড্রাইভার<br>৫। কম্পিউটার ম্যান/ কম্পিউটার অপারেটর | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ১১২৯০/- | ৭৯০৩/- | ১১০০/- | ৭০০/- | ২০৯৯৩/- |
| | অন্যান্য এলাকা | ১১২৯০/- | ৬৭৭৪/- | ১১০০/- | ৭০০/- | ১৯৮৬৪/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| <u>গ্রেড-৪ :</u><br>১। পিয়ন<br>২। দারোয়ান<br>৩। নাইটগার্ড<br>৪। মালি<br>৫। সুইপার/ক্লিনার | বিভাগীয় শহর ও সাভার এলাকা | ৯৫৩০/- | ৬৬৭১/- | ১১০০/- | ৭০০/- | ১৮০০১/- |
| | অন্যান্য এলাকা | ৯৫৩০/- | ৫৭১৮/- | ১১০০/- | ৭০০/- | ১৭০৪৮/- |
| **শিক্ষানবিশ কর্মচারী:** | (ক) শিক্ষানবিশিকাল ০৬ (ছয়) মাস।<br>(খ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে = ১১৩৩০/- (এগারো হাজার তিনশত ত্রিশ) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**<u>শর্তাবলি:</u>**

১। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "ট্যানারী" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। তফসিল-ক ও তফসিল-খ এ উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হইলে, উহা যথাযথ শ্রেণিতে/গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উল্লিখিত তফসিলে শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাদেরকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহাদের মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া সংশ্লিষ্ট মজুরি রেজিস্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরি নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে/এককভাবে বা শ্রমিকপক্ষের সাথে যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক/কর্মচারীগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিকও "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫)" অনুযায়ী 'শ্রমিক' বলিয়া গণ্য হইবেন। কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি কোনোক্রমেই প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার, "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১" এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি সংশ্লিষ্ট শ্রমিককে ফুরণ ভিত্তিক (Piece rate) অথবা দৈনিকভিত্তিক মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন, তাহা "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(১০), ধারা ১০৮ এবং ধারা ৩৩৬" এর বিধান মোতাবেক বলবৎ থাকিবে।

১১। উল্লিখিত তফসিলে "নিম্নতম মজুরি" সমন্বয়সহ ০১(এক) বৎসরের কর্মকাল অতিক্রান্তে শ্রমিক/শ্রমিকগণের মূল মজুরি ইতোমধ্যে প্রাপ্ত মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরেও উহা একই হারে বৃদ্ধি পাইতে থাকিবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৯৫৩০/- (নয় হাজার পাঁচশত ত্রিশ) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি ৫% হারে বৃদ্ধি পাইয়া মূল মজুরি ১০০০৬·৫০/- (দশ হাজার ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকা হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ১০০০৬·৫০/- (দশ হাজার ছয় টাকা পঞ্চাশ পয়সা) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ১০৫০৬.৮৩ (দশ হাজার পাঁচশত ছয় টাকা তিরাশি পয়সা) টাকা হইবে।

১২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক/কর্মচারীগণ "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি পাইবেন।

১৩। উক্ত সেক্টরের মালিকগণ, শ্রমিক/কর্মচারীগণের পরিবারের জন্য আবাসন সুবিধা প্রদান করিয়া থাকিলে, উক্ত আবাসন সুবিধা গ্রহণকারী শ্রমিক/কর্মচারীগণের জন্য বাড়ী ভাড়া ভাতা প্রযোজ্য হইবে না।

১৪। এই প্রজ্ঞাপনে উল্লিখিত কোনো অংশ বাংলাদেশে প্রচলিত "বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫" এর সহিত সাংঘর্ষিক হইলে উক্ত অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
যুগ্মসচিব।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd